দৈনিক খবর
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ 16 OCT 1988
পৃষ্ঠা 3 কলাম 8
061

খবর ও

# আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে বন্যা সমস্যার স্থায়ী সমাধান করা হবে —— শিক্ষামন্ত্রী

সেচ, পানি উন্নয়ন, বন্যা নিয়ন্ত্রণ ও শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে বন্যা সমস্যার স্থায়ী সমাধানের প্রচেষ্টা সারাবিশ্বে অভিনন্দিত হয়েছে। তিনি বলেন, আমাদের প্রতিবেশী দেশগুলোর কাছ থেকে ইতিমধ্যেই এ ব্যাপারে ইতিবাচক সাড়া পাওয়া গেছে। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী গত শুক্রবার টাঙ্গাইল জেলার সখিপুরে এক জনসভায় বক্তৃতা করছিলেন। সভায় স্থানীয় জাতীয় সংসদ সদস্য জনাব মোরশেদ আলী খান পন্নী ও স্থানীয় নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার বন্যার স্থায়ী সমাধানের পথ খুঁজে বের করার পাশাপাশি বন্যাদুর্গত মানুষের পুনর্বাসনে সর্বশক্তি নিয়োজিত করেছেন এবং বন্যার ক্ষয়ক্ষতির হাত থেকে ফসলকে রক্ষা করার লক্ষ্যে সেচের আওতায় নতুন জাতের ধান উদ্ভাবনের চেষ্টা করছেন। মন্ত্রী ভয়াবহ বন্যা পরিস্থিতি মোকাবেলায় বন্যা-উত্তর পুনর্বাসন কার্যক্রমকে সফল করে তোলার জন্য দলমত নির্বিশেষে সকলের প্রতি আহবান জানান।

পরে মন্ত্রী সখিপুরের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।